# OUR ACHIEVEMENTS

## PUBLISHED BY

## SOME LEADING NEWSPAPERS

### Anandabazar Patrika – 4th September 2021



আনন্দবাজার পত্রিকা

হাই জাম্পে রুপো প্রবীণের

রাতের কাটোয়ায় বাইকের তাণ্ডব, নালিশ শহরবাসীর

সিটে হাই কোর্টেরই প্রাক্তন প্রধান চেম্বর

একা মায়ের পথচলায় বাধা কেন?

বর্ধমান

চাকরি '৮৯ শতাংশ' ছাত্রছাত্রীর

নিজস্ব সংবাদদাতা

বর্ধমান

করোনা-আবহের মধ্যে অনলাইনে ক্যাম্পাস ইন্টারভিউ চলছিল। গত মাসে সেই পর্ব শেষ হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দাবি, তাদের নিয়ন্ত্রণে থাকা ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে ক্যাম্পাস ইন্টারভিউ-এর মাধ্যমে ৮৯ শতাংশে ছাত্রছাত্রী চাকরি পেয়েছেন। স্নাতক পাশ অনেকেও বার্ষিক ১৬ থেকে ১৯ লক্ষ টাকার প্যাকেজে নামী সংস্থায় চাকরি পেয়েছেন, দাবি তাঁদের।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিমাই সাহা বলেন, "অতিমারির সময়ে অনেক প্রতিবন্ধক তৈরি হয়েছে। তবে পড়ুয়ারা ফাঁকি দেননি। সে জন্যই বিভিন্ন নামী সংস্থা তাঁদের যোগ্য মনে করে বেছে নিয়েছে, যা বিশ্ববিদ্যালয়ের কাছে গর্বের।" বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, অতিমারির সময়ে ক্যাম্পাস ইন্টারভিউয়ের জন্য বেশি সংস্থাকে আনতে বিশেষ উদ্যোগ করা হয়। এ বছর ৯০টি সংস্থা ইন্টারভিউ নেয়। গত দু'বছরে ক্যাম্পাস ইন্টারভিউ নিতে এসেছিল যথাক্রমে ১৯টি ও ২৫টি সংস্থা। ২০১৯ সালে ৬১ শতাংশ ও ২০২০ সালে ৬৩ শতাংশ ছাত্রছাত্রী চাকরি পেয়েছিলেন বলেও জানা গিয়েছে। বিশ্ববিদ্যালয়ের দাবি, কম্পিউটার সায়েন্স বিভাগের পড়ুয়ারা তুলনায় বেশি সফল।

ডাক নিয়ে অভিযোগ, সমাধানের আশ্বাস

সাহায্যে বিধায়ক

দুর্ঘটনায় মৃত দুই

লাভ বেশি, আগ্রহ সুগন্ধি ধান চাষে

PTO



হাই জাম্পে রুপো প্রবীণের

অবনীর কীর্তি খেলা

বর্ধমান

**আপনার মত**

'দুয়ারে সরকার'-এ ভিড় কমাতে জেলা জুড়ে শিবিরের সংখ্যা আরও বাড়ানোর দরকার আছে কি?

| | |
|---|---|
| হ্যাঁ | ৯০.০০% |
| না | ০০.০০% |
| জানি না | ১০.০০% |

নতুন প্রশ্ন: বর্ধমান শহরের উল্লাস মোড়ে রাজ্য সরকারের উদ্যোগে তৈরি হওয়া 'মিষ্টি হাব'-এর পুনরুজ্জীবন কি সম্ভব? মত জানান 'ABP SA' অ্যাপে

# চাকরি '৮৯ শতাংশ' ছাত্রছাত্রীর

নিজস্ব সংবাদদাতা

**বর্ধমান**

করোনা-আবহের মধ্যে অনলাইনে ক্যাম্পাস ইন্টারভিউ চলছিল। গত মাসে সেই পর্ব শেষ হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দাবি, তাদের নিয়ন্ত্রণে থাকা ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে ক্যাম্পাস ইন্টারভিউ-এর মাধ্যমে ৮৯ শতাংশ ছাত্রছাত্রী চাকরি পেয়েছেন। স্নাতক পাশ অনেকেও বার্ষিক ১৬ থেকে ১৯ লক্ষ টাকার প্যাকেজে নামী সংস্থায় চাকরি পেয়েছেন, দাবি তাঁদের।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিমাই সাহা বলেন, "অতিমারির সময়ে অনেক প্রতিবন্ধক তৈরি হয়েছে। তবে পড়ুয়ারা ফাঁকি দেননি। সে জন্যই বিভিন্ন নামী সংস্থা তাঁদের যোগ্য মনে করে বেছে নিয়েছে, যা বিশ্ববিদ্যালয়ের কাছে গর্বের।" বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, অতিমারির সময়ে ক্যাম্পাস ইন্টারভিউয়ের জন্য বেশি সংস্থাকে আনতে বিশেষ উদ্যোগ করা হয়। এ বছর ৯০টি সংস্থা ইন্টারভিউ নেয়। গত দু'বছরে ক্যাম্পাস ইন্টারভিউ নিতে এসেছিল যথাক্রমে ১৯টি ও ২৫টি সংস্থা। ২০১৯ সালে ৬১ শতাংশ ও ২০২০ সালে ৬৩ শতাংশ ছাত্রছাত্রী চাকরি পেয়েছিলেন বলেও জানা গিয়েছে। বিশ্ববিদ্যালয়ের দাবি, কম্পিউটার সায়েন্স বিভাগের পড়ুয়ারা তুলনায় বেশি সফল।

**এক নজরে**

**...শেষে সংস্কার**

...গ্রাম: দীর্ঘদিন বেহাল ছিল ...গ্রামের ভুঁয়েরা বটতলা ... মানকর যাওয়ার রাস্তা। ... গর্তে পড়ে বিকল হয়ে ... যানবাহন, এমনই ...যোগ এলাকাবাসীর। সেই ...সংস্কার শুরু করল পূর্ত ... গর্তগুলিতে ঝামা ইট ...ময়িক ভাবে চলাচলের ... করে তোলা হচ্ছে বলে ...ত্রে জানা গিয়েছে।

**...চারা বিলি**

... কৃষি তথ্য ও ...দ্র এবং ব্লক কৃষি ...র দফতরের ব্যবস্থায় ...দফতরের উদ্যোগে ... রুইয়ের চারা ... ভাণ্ডারে। ব্লক ... অধিকারিক ...ন, ব্লকের ... এই চারা ...ছচাষিদের ... করা হবে

**ডা... স...**

নিজস্ব সংবাদদা...

**বর্ধমান**

ডাক পরিষেবার উ... একাধিক পরিকল্পনা র... জানিয়েছেন দক্ষিণবঙ্গ ... পোস্টমাস্টার জেনারেল ... কুজুর। তিনি জানান, 'নে... 'লিঙ্ক'-এর সমস্যা মেটাতে ... 'ফোর জি' ডঙ্গল দেও... এই লক্ষ্যে বিএসএনএল... আলোচনা চলছে।

ডাক পরিষেবা নিয়ে অ... শেষ নেই। চিঠি পৌঁছতে ... হয়, তেমনই নির্দিষ্ট সময়ে ... পৌঁছয় না বলে অভিযো... অফিসে 'লিঙ্ক'-এর সমস্যা... হতে হয় সাধারণ মানুষকে... সময় পেনশনের টাকা তে... অন্য পরিষেবা পেতেও ... সমস্যায় পড়তে হয় বলে অ... সম্প্রতি কলকাতা থেকে ... এক ব্যক্তি ডাক পরিষেবার...

**সর্পদষ্ট হয়ে মৃ...**

বর্ধমান: সাপের ছোবলে মৃত্যু... এক মহিলার। মৃত আল্পনা ... (৪২) রায়নার নতুনগ্রামের ... বৃহস্পতিবার রাতে বাড়িতে... ডান পায়ে সাপে ছোবল মারে। ... মেডিক্যাল কলেজ হাসপ... আনা হলে তাঁর মৃত্যু হয়।

ভাবেই চিকিৎসক
কানও যৌক্তিকতা
সংগঠনের নেত্রী
ষয়ে বলেছেন,
নাভাবেই চাহিদা
মুখ্যমন্ত্রীর হয়তো
দে জানা নেই।”
দের সংগঠন
লথ সার্ভিস ডক্টর
ক ডাঃ মানস
ছেন, “নার্সদের
ক স্বাস্থ্যে তারা
কা পালন করতে
বা প্রেসক্রিপশন
ন সরকার কী
নেই। মুখ্যমন্ত্রীর
র্ক তৈরী হবে।”
অধিকার নার্সদের
কিনা সেই প্রশ্ন
কৎসক সংগঠন।
ৎসক ও নার্সদের
সরকার চিকিৎসা
দের দিকে ঠেলে
রছেন রাজ্যের
কাধিক সংগঠন।

াঙ্কার

কর্মকর্তাসহ সহকর্মীরা এঁদের পাশে রয়েছেন। হাসপাতালের চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে নিজেদের দায়িত্ব পালনের মাঝেই পরিবারের লোকেদের কথা ভেবে উদ্বিগ্ন হয়ে উঠেছেন তিন চিকিৎসক। আসমত, নবি ও ফয়জল যাতে কোনোভাবেই ভেঙ্গে না পড়ে তারজন্য সহকর্মীরা সব সময় এঁদের পাশে রয়েছেন।

# বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইউআইটির ক্যাম্পাসে ইন্টারভিউয়ে দেদার চাকরী

**মরাল মুখার্জী :** বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইউআইটির ইঞ্জিনিয়ারিং কলেজের ক্যাম্পাস প্লেসমেন্টে এবার প্রচুর চাকরীর সুযোগ রীতিমতো নজির গড়েছে। জানা গেছে, ০২১ বর্ষের ক্যাম্পাস প্লেসমেন্টে ২২০ জন ছাত্রছাত্রী ইন্টারভিউ দেয়। ইন্টারভিউ নিতে হাজির ছিল ৯০টির বেশী দেশী বিদেশী মাল্টি ন্যাশানাল কোম্পানীর প্রতিনিধিরা। এদের মধ্যে উল্লেখযোগ্য হল টিসিএস, উইপ্রো, ক্যাপ জেমিনি, ইহামা মোটরস, হিন্দুস্থান কম্পিউটার, ওয়েস্টারন ডিজিটাল, বাইজুস এর মতো বিখ্যাত সংস্থা। হবু ইঞ্জিনিয়ারদের দক্ষতায় খুশী হয়ে ২৯০ টির বেশী চাকরীর সুযোগ পেয়েছেন ছাত্রছাত্রীরা। গড়ে বার্ষিক সাড়ে ৫ থেকে ৫-৬ লাখ টাকা এবং কিছু ক্ষেত্রে তো ৮ থেকে ১৬ লাখ টাকা পর্যন্ত বার্ষিক প্যাকেজের অফারও পেয়েছেন পড়ুয়ারা। কেউ কেউ একাধিক সংস্থা থেকে চাকরীর অফার পেয়েছেন বলেও জানা গেছে। কলেজ কর্তৃপক্ষের দাবি, করোনা আবহের মধ্যে এবার ক্যাম্পাস ইন্টারভিউ দেওয়া পড়ুয়াদের মধ্যে ৮৯ শতাংশ চাকরীর সুযোগ পেয়েছে, যা এই শিক্ষা প্রতিষ্ঠানের বিগত ২০ বছরের ইতিহাসে এক রেকর্ড গড়েছে। এছাড়াও অনেক ছাত্রছাত্রী গেট, ক্যাট এর মতো সর্বভারতীয় পরীক্ষায় সফল হয়ে উচ্চ শিক্ষার লক্ষ্যে বিভিন্ন নামী প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেয়েছে।

# অবশেষে মহকুমা হাসপাতালে ডায়ালিসিস পরিষেবা শুরু হল

রিভিউ প্রতিবেদন : টানা তিন বছর বন্ধ থাকার পর শেষ পর্যন্ত দুর্গাপুর মহকুমা

**Bardhaman Post – 9th October 2021**


বর্ধমানের খবর জানতে লগঅন করুন
bardhamanpost.blogspot.in

বর্ধমান থেকে প্রকাশিত বাংলা দৈনিক পত্রিকা

# বর্ধমান পোস্ট

RNI No : WBBEN/2014/64137

বর্ষ - ৯, সংখ্যা - ২৩৩ বর্ধমান ● ২২ আশ্বিন, ১৪২৮, শনিবার, ৯ অক্টোবর ২০২১ ● মূল্য - ২ টাকা





নবদুর্গা
শাড়ী ও পাঞ্জাবী



[4] Vol. - 8 Issue No. - 233
Bardhaman Post 09.10.2021

RNI No : WBBEN/2014/64137


## ইউআইটির ৯০ শতাংশ পড়ুয়ার বিভিন্ন নামী কোম্পানিতে চাকরির সুযোগ

**নিজস্ব সংবাদদাতা ঃ** বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইউআইটির ইঞ্জিনিয়ারিং পড়ুয়ারা চলতি বছরে ক্যাম্পাসিংয়ে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছেন। প্রসঙ্গত, এই ইন্সটিটিউটে পড়াশোনার মান নিয়ে একাধিক প্রশ্ন উঠেছিল। ছাত্রছাত্রীরা এখান থেকে পাশ করার পর সেভাবে ক্যাম্পাসিংয়ে সুযোগ না পাওয়ায় ইউআইটির বেশ কিছু বিভাগের দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছিল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কিন্তু, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ঐকান্তিক প্রচেষ্টায় শেষমেশ সাফল্যের মুখ দেখল ইউআইটির পড়ুয়ারা। ইউআইটি কর্তৃপক্ষের দাবি, করোনা আবহে পড়াশোনার বিষয়ে কিছু সমস্যা থাকলেও অনলাইনে শিক্ষাদান চলছিল। পড়ুয়ারাও আন্তরিকভাবে অনলাইনের মাধ্যমে পড়াশোনার পাঠ নিয়েছেন। আর তারই সাফল্য হিসেবে চলতি বছরে অনলাইন ক্যাম্পাসিংয়ে ২০২২ সালের পাশআউট পড়ুয়ারা একাধিক নামী বহুজাতিক সংস্থায় কাজের সুযোগ পেয়েছেন বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি। ইউআইটি সূত্রে জানা গিয়েছে, এবছর অনলাইন ক্যাম্পাসিংয়ে ২২০ জন পড়ুয়া অংশগ্রহণ করেছিলেন। তাঁদের থেকে প্রায় ৯০ শতাংশ পড়ুয়ার শিক্ষার মান নিয়ে সন্তোষ প্রকাশ করে একাধিক নামী বহুজাতিক সংস্থা তাদের সংস্থায় বার্ষিক গড়ে ৫ থেকে ৬ লক্ষ টাকা প্যাকেজে চাকরির সুযোগ দিয়েছে। সর্বাধিক প্যাকেজের পরিমাণ ৩২ লক্ষ টাকা। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিমাইচন্দ্র সাহা পড়ুয়াদের এই সাফল্যে অত্যন্ত খুশি। তিনি বলেন, বর্তমান অতিমারী পরিস্থিতিতে ফাঁকি না দিয়ে পড়ুয়ারা নিষ্ঠার সঙ্গে পাঠ নিয়েছেন। শিক্ষকরাও তাঁদের সাধ্য অনুযায়ী চেষ্টা করেছেন। আর এই মিলিত প্রয়াসেই পড়ুয়াদের সাফল্য এনে দিয়েছে। পড়ুয়াদের এই সাফল্যে ইউআইটিতে আরও বেশি করে পড়ুয়ারা পাঠ নিতে আসবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

## চুক্তিভিত্তিক শিক্ষক-শিক্ষিকাদের অবস্থান বিক্ষোভ ও স্মারকলিপি

নিজস্ব সংবাদদাতা চুক্তিভিত্তিক শিক্ষকশিক্ষিকারা অবস্থান বিক্ষোভ করলেন শুক্রবার। পরে তাঁরা স্মারকলিপি প্রদান করেন জেলা শাসককে। সাতদফা দাবি নিয়ে তাঁরা জেলাশাসকের কাছে সরব হন। শিক্ষক শুভদীপ ভৌমিক বলেন, সরকারি বিদ্যালয়গুলি এজেন্সির দ্বারা বেসরকারিকরণ হতে চলেছে। সুতরাং যেসব চুক্তিভিত্তিক শিক্ষকশিক্ষিকা টানা দেড় বছর ধরে করোনাকালে অনলাইনের মাধ্যমে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সকল ছাত্রছাত্রীকে অনলাইনের মাধ্যমে পড়ানোর ব্যবস্থা করেছেন এইসব চুক্তিভিত্তিক শিক্ষকশিক্ষিরা। কার্যত এমতাবস্থায় রাজ্য সরকার বেতন দিচ্ছে না, এই অবস্থায় পরিবার নিয়ে রাস্তায় বসতে হবে। এছাড়া পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত উন্নয়নমূলক প্রকল্প এই চুক্তিভিত্তিক শিক্ষকশিক্ষিকারাই তুলে ধরেছেন। অথচ এখন আমরা সকলেই রাস্তায়। সার্বিকভাবে সরকারের কাছে আবেদন ও অনুরোধ জানিয়ে এদিন জেলাশাসককে সাত দফা দাবি জানিয়ে স্মারকলিপি প্রদান করা হল।

## কেতুগ্রামে স্বামীর পরকীয়ার জেরে স্ত্রীর গায়ে আগুন দিয়ে পুড়িয়ে মারার অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা ঃ** কেতুগ্রাম থানার বিল্লেশ্বর গ্রামে স্বামীর পরকীয়ার জেরে স্ত্রীর গায়ে আগুন লাগিয়ে পুড়িয়ে মারার অভিযোগ উঠেছে। সেই অভিযোগে মৃতার স্বামীকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিস। মৃতার নাম তাপসী মাঝি। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিস ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পেশায় রাজমিস্ত্রি অর্জুন মাঝি স্ত্রীর সঙ্গে প্রায়ই ঝগড়া করত। এলাকাবাসী ও তাপসী মাঝির পরিবারের অভিযোগ, অর্জুনের সঙ্গে অপর এক মহিলার সম্পর্ক ছিল। সেনিয়ে প্রায়শই তাঁদের মধ্যে ঝগড়া চলত। সেকথা স্বীকার করেছিল অর্জুন। ঝগড়ার সীমা পেরিয়ে গেলে এর আগে দু'দু'বার বিষ খেয়ে আত্মঘাতী হওয়ার চেষ্টা করেন তাপসী। বৃহস্পতিবার অশান্তি চরমে পৌঁছলে গায়ে কেরোসিন ঢেলে পুড়িয়ে মারার অভিযোগ ওঠে স্বামীর বিরুদ্ধে। তাপসী মাঝির মেয়ে বলেন, বাবামায়ের মধ্যে বৃহস্পতিবার রাতে ঝগড়ার আওয়াজ পেয়েছিলাম। কিন্তু, এতটা মারাত্মক হবে ভাবতে পারিনি। মা নিজেই আত্মঘাতী হয়েছে বলে জানালেন তাপসীর মেয়ে। আশঙ্কাজনক অবস্থায় ওইদিন রাতে তাঁকে কাটোয়া হাসপাতালে ভর্তি করা হয়। শুক্রবার সকালে তিনি মারা যান। এরপর তাপসীর বাপেরবাড়ির লোকজন অর্জুনের নামে কেতুগ্রাম থানায় অভিযোগ দায়ের করেন। ময়নাতদন্তের পর দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ অভিযুক্ত অর্জুনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করছে।

## মাথায় চোট পেয়ে যুবকের মৃত্যু

**নিজস্ব সংবাদদাতা ঃ** বর্ধমান-হাওড়া রেলপথে গাংপুর স্টেশনের কাছে রেল লাইনের পাশের বিদ্যুতের খুঁটিতে ধাক্কা লেগে মাথায় চোট পেয়ে এক যুবকের মৃত্যু হয়েছে। মৃতের নাম শেখ আক্রম (২৯)। বীরভূমের নানুর থানার আটকুলা গ্রামে তাঁর বাড়ি। তিনি গুজরাটের সুরাটে জরির কাজ করতেন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার তিনি বর্ধমান থেকে লোকাল ট্রেনে চেপে হাওড়ায় যাচ্ছিলেন। সেখান থেকে তাঁর ট্রেনে সুরাটে যাওয়ার কথা ছিল। গাংপুর স্টেশন ঢোকার মুখে তিনি ট্রেনের দরজার বাইরে মুখ বের করে থুতু ফেলতে যান। সেই সময় রেল লাইনের পাশের বিদ্যুতের খুঁটিতে তাঁর মাথায় আঘাত লাগে। তিনি ট্রেনের ভিতরে পড়ে যান। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। খবর পেয়ে জিআরপি দেহটি উদ্ধার করে ময়না তদন্তে পাঠায়।


**OFFICE OF THE**
**BURDWAN MUNICIPALITY**
G.T.Road, P.O. & Dist.- Burdwan.
West Bengal, India-713101.
Ph: +910342-2662518/2664121/2662777,
Fax: +910342-2560717
Email: info @ burdwanmunicipality.gov.in/
Website: www.burdwanmunicipality.gov.in

**Burdwan Municipality**
**Eng. (Dev.)**
Quotation Vide Memo No:- 244/i/ED. Dt. 07/10/2021
Sealed Quotation are invited from bonafide agencies for multiple development works Under **Burdwan Municipality.**
Last date of submission: 29/10/2021 up to 3 pm.

For details visit :-
www.wbtenders.gov.in
Further corrigendum & addendum if issued will be published on the above web site.

**Sd/-**
**Chairperson**
**Board of Administrators**
**Burdwan Municipality**



**Govt. of West Bengal**
**Office of the Deputy Director of Agriculture Soil & Water Management, Burdwan.**

**NIT No. AGRI/DDA /SWM/O2 of 2021-2022**

Supply of Black Bengal Goat
Details of advertisement available in website
www.purbabardhaman.gov.in

**Sd/- Sikha Das**
**DDA**
**S&WM, Burdwan**

Memo No : 189 / ICA/PUB/ BDN/ ADVT. Date : 08.10.2021



Printer, Owner and Publisher Timir Baran Biswas, Published at 158, B.L. Chowdhury Road, Burirbagan, P.O., Dist. : Burdwan, Pin - 713101 (W.B.) and Printed at - Pin2Graph, Court Compound, P.O & Dist : Burdwan - 713101 (W.B.) Editor : Timir Baran Biswas, M : 9434474241, 9434471828, Office :Curzon Gate, Burdwan, E-mail : bardhamanpost@gmail.com / postbardhaman@gmail.com

## Bardhaman Review – 1st September 2021

[4] Vol. - 8 Issue No. - 233
Bardhaman Post, 09.10.2021

# ইউআইটির ৯০ শতাংশ পড়ুয়ার বিভিন্ন নামী কোম্পানিতে চাকরির সুযোগ

**নিজস্ব সংবাদদাতা ঃ** বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইউআইটির ইঞ্জিনিয়ারিং পড়ুয়ারা চলতি বছরে ক্যাম্পাসিংয়ে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছেন। প্রসঙ্গত, এই ইন্সটিটিউটে পড়াশোনার মান নিয়ে একাধিক প্রশ্ন উঠেছিল। ছাত্রছাত্রীরা এখান থেকে পাশ করার পর সেভাবে ক্যাম্পাসিংয়ে সুযোগ না পাওয়ায় ইউআইটির বেশ কিছু বিভাগের দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছিল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কিন্তু, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ঐকান্তিক প্রচেষ্টায় শেষমেশ সাফল্যের মুখ দেখল ইউআইটির পড়ুয়ারা। ইউআইটি কর্তৃপক্ষের দাবি, করোনা আবহে পড়াশোনার বিষয়ে কিছু সমস্যা থাকলেও অনলাইনে শিক্ষাদান চলছিল। পড়ুয়ারাও আন্তরিকভাবে অনলাইনের মাধ্যমে পড়াশোনার পাঠ নিয়েছেন। আর তারই সাফল্য হিসেবে চলতি বছরে অনলাইন ক্যাম্পাসিংয়ে ২০২২ সালের পাশআউট পড়ুয়ারা একাধিক নামী বহুজাতিক সংস্থায় কাজের সুযোগ পেয়েছেন বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি। ইউআইটি সূত্রে জানা গিয়েছে, এবছর অনলাইন ক্যাম্পাসিংয়ে ২২০ জন পড়ুয়া অংশগ্রহণ করেছিলেন। তাঁদের থেকে প্রায় ৯০ শতাংশ পড়ুয়ার শিক্ষার মান নিয়ে সন্তোষ প্রকাশ করে একাধিক নামী বহুজাতিক সংস্থা তাদের সংস্থায় বার্ষিক গড়ে ৫ থেকে ৬ লক্ষ টাকা প্যাকেজে চাকরির সুযোগ দিয়েছে। সর্বাধিক প্যাকেজের পরিমাণ ৩২ লক্ষ টাকা। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিমাইচন্দ্র সাহা পড়ুয়াদের এই সাফল্যে অত্যন্ত খুশি। তিনি বলেন, বর্তমান অতিমারী পরিস্থিতিতে ফাঁকি না দিয়ে পড়ুয়ারা নিষ্ঠার সঙ্গে পাঠ নিয়েছেন। শিক্ষকরাও তাঁদের সাধ্য অনুযায়ী চেষ্টা করেছেন। আর এই মিলিত প্রয়াসেই পড়ুয়াদের সাফল্য এনে দিয়েছে। পড়ুয়াদের এই সাফল্যে ইউআইটিতে আরও বেশি করে পড়ুয়ারা পাঠ নিতে আসবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

## কেতুগ্রামে স্ব
## গায়ে আগুন

**নিজস্ব সংবাদদাতা ঃ** কেতুগ্রাম থানার বিল্লেশ্বর গ্রামে স্বামীর পরকীয়ার জেরে স্ত্রীর গায়ে আগুন লাগিয়ে পুড়িয়ে মারার অভিযোগ উঠেছে। সেই অভিযোগে মৃতার স্বামীকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিস। মৃতার নাম তাপসী মাঝি। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।